কানাইঘাট সমিতি, সিলেট মহানগরের আহ্বায়ক কমিটির সংবাদ সম্মেলন

চেম্বার প্রতিবেদক: সিলেট মহানগর এলাকায় বসবাসরত কানাইঘাটবাসীদের প্রতিনিধিত্বশীল প্রাচীনতম সামাজিক সংগঠন কানাইঘাট সমিতি, সিলেট মহানগরের কার্যক্রম আবারও শুরু হচ্ছে। প্রায় ১৫ বছর সাংগঠনিক কার্যক্রম বন্ধ থাকার পর পুনরায় এ সংগঠনের কার্যক্রম শুরু করার লক্ষ্যে কানাইঘাটের সাংবাদিকদের সাথে আহ্বায়ক কমিটি এক সংবাদ সম্মেলন আয়োজন করা হয়। গতকাল শনিবার(১৬ সেপ্টেম্বর) রাতে নগরীর এক অভিযাত হোটেলে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়৷ কানাইঘাট সমিতি, সিলেট মহানগরের আহ্বায়ক আলতাফুল হকের সভাপতিত্বে ও সদস্য সচিব মো: জাকারিয়ার সঞ্চালনায় এতে ব্রিফ করেন প্রেস কমিটির চেয়ারম্যান একেএম বদরুল আমিন।

সভায় জানানো হয়, কানাইঘাট সমিতি, সিলেট মহানগর ২০০০ সালে গঠিত হয়। গঠনের পর অত্যন্ত সুন্দর ভাবে কার্যক্রম পরিচালিত হয়। কিন্তু দুংখজনক হলেও সত্য যে, ২০০৮ সালে কিছু অভ্যন্তরীন সমস্যার কারণে এর কার্যক্রম স্থবির হয়ে পড়ে।
দীর্ঘ ১৫ বছর পর আবারও এ সংগঠনের কার্যক্রম শুরু করার জন্য গত ২২ জুলাই ও ১১ আগস্ট তারিখে দুটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সংগঠনের আজীবন সদস্য ও সুধিজনদের মতামতের ভিত্তিতে একটি আহবায়ক কমিটি গঠন করা হয়। আলতাফুল হককে আহ্বায়ক, মো: জাকারিয়কে সদস্য সচিব করে ৭ সদস্য বিশিষ্ট একটি কমিটি ঘোষণা করা হয়। আহ্বায়ক কমিটি ৩ মাসের মধ্যে একটি পূর্ণাঙ্গ কমিটি গঠনের সময়সীমা নির্ধারণ করে দেয়া হয়।
সংবাদ সম্মেলনে সিলেট মহানগরে অবস্থানরত কানাইঘাটবাসী পূর্ণ বয়স্ক ব্যক্তিবর্গকে সমিতির সদস্যপদ গ্রহণের জন্য আহ্বান জানানো হয়।
সাধারণ সদস্য পাঁচশত টাকা, আজীবন সমস্য দশ হাজার টাকা ও পৃষ্ঠপোষক সদস্য পঁচিশ হাজার টাকা ধার্য বলে জানানো হয়। আগ্রহী ব্যক্তি সরাসরি অস্থায়ী দাপ্তরিক কার্যালয় শরীফ ট্রাভেলস,নাজির চেম্বার,মহাজনপট্রি,সিলেট অথবা ০১৭১১-৭০০৪২৭ নাম্বারে যোগাযোগ করে সদস্যভুক্তির জন্য অনুরুধ জানানো হয়।
সংবাদ সম্মেলনে সংগঠনের পক্ষে উপস্থিত ছিলেন আতিকুল ইসলাম,আব্দুর

রহীম ও ইয়াহইয়া।
সাংবাদিকদের মধ্যে উপস্থিত ছিলেন সিলেট প্রেসক্লাবের সিনিয়র সহ সভাপতি এম এ হান্নান, এশিয়ান টেলিভিশনের সিলেট সিলেট প্রতিনিধি শাহজাহান সেলিম বুলবুল, মোহনা টেলিভিশনের সিলেট ব্যুরো প্রধান আব্দুল আউয়াল শিপার চৌধুরী, সকালের সময় সিলেটের ব্যুারো প্রধান আব্দুল হালিম সাগর, সিলেট প্রেসক্লাবের সদস্য কাওছার বাঙ্গালি,সিলেট অনলাইন প্রেসক্লাবের সহ সাধারন সম্পাদক তাওহীদুল ইসলাম,সিলেট প্রেসক্লাবের সাবেক কার্যনির্বাহী সদস্য শুয়াইবুল ইসলাম,সিলেট প্রেসক্লাবের সদস্য লুৎফুর রহমান তোফায়েল, সাংবাদিক মামুন চৌধুরী,মহি উদ্দিন জাবের প্রমুখ।